

২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের
(stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ সাদ্দাম হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর

সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বাগাতিপাড়া, নাটোর

তারিখঃ ১৬-১০-২০২৩ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কাজ আরম্ভ করেন। তিনি জলজ সম্পদে সমৃদ্ধ বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদানের বিষয়ে আলোচনা করেন। তিনি মাঠ পর্যায়ে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত অংশীজনবৃন্দকে অবহিত করেন এবং মৎস্য অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় উপস্থিত অংশীজনবৃন্দ মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে একমত পোষণ করেন। তিনি সভায় জানান যে, দলমত নির্বিশেষে সকলের দোরগোড়ায় মৎস্য অধিদপ্তরের সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী মৎস্য অধিদপ্তরের সেবা প্রদানের ধরণ, সেবার মূল্য, সেবা প্রাপ্তির সময়সীমা এবং সেবা গ্রহণে প্রয়োজনীয় কাগজপত্রের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে সেবা প্রদান প্রতিশ্রুতির সুপারিশমালা প্রণীত হয়-

- ১। দপ্তরের প্রদর্শনযোগ্য স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রদর্শিত হতে হবে।
- ২। সেবা প্রদান প্রতিশ্রুতির হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।
- ৩। সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ করতে হবে।
- ৪। সেবা প্রদানকারীদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত মৎস্যচাষীদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সাদ্দাম হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাগাতিপাড়া, নাটোর

স্মারক নং-৩৩.০২.৬৯০৯.৫০১.১৯.০০২.২২.১৪১

তারিখঃ ১৬-১০-২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ২। অফিস কপি।